

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়
উপকরণ ২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ মাঘ ১৪৩১/২৮ জানুয়ারি ২০২৫

নং ১২.০০.০০০০.০২৬.৪০ ০০১ ২৩ ২৯—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে গত ২১ ০১ ২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভার ২.২ নং সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে “BRRRI Organic Fertilizer” নামীয় জৈব সারটি (কৌচামাল: প্রতি ১০০ কেজি জৈবসারে ৮৪.৫ কেজি সিটি কর্পোরেশনের পঁচনশীল আবর্জনা + ১০ কেজি বায়োচার + ৫ কেজি রক ফসফেট + ০.৫ কেজি ব্যাকটেরিয়াল ইনোকুলাম। অনুপাতঃ সিটি কর্পোরেশনের পঁচনশীল আবর্জনাঃ বায়োচারঃ রক ফসফেটঃ ব্যাকটেরিয়াল ইনোকুলাম=৮৪.৫ : ১০ : ৫ : ০.৫) ফসলের উপর ব্যবহারের জন্য Bangladesh Rice Research Institute (BRRRI), Gazipur এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলির আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হল:

১. বিনির্দেশ:

Name of the Product: BRRRI Organic Fertilizer

Parameter	ল্যাব পরীক্ষায় প্রাপ্ত গড় ফলাফল	সরকারি বিনির্দেশে অনুমোদিত মান/রেঞ্জ
Colour	Dark grey to black	Dark grey to black
Physical condition	Non-granular	Non-granular
Odour	Absence of foul odour	Absence of foul odour
Moisture (%)	19.21%	15-20%

(৮৮৩)

মূল্য : ৪.০০

Parameter	ল্যাব পরীক্ষায় প্রাপ্ত গড় ফলাফল	সরকারি বিনির্দেশে অনুমোদিত মান/রেঞ্জ
pH	7.42	6.0-8.5
Organic Carbon	16.36%	10-25%
Total Nitrogen (N)	1.26%	0.5-4.0%
C:N	12.7:1	20:1
Phosphorus (P)	1.26%	0.5-3.0%
Potassium (K)	1.04%	0.5-3.0%
Sulphur (S)	0.35%	0.1-0.5%
Zinc (Zn)	0.03%	Max. 0.1%
Copper (Cu)	0.007%	Max. 0.05%
Arsenic (As)	1.45 ppm	Max. 20 ppm
Chromium (Cr)	12.10 ppm	Max. 50 ppm
Cadmium (Cd)	0.79 ppm	Max. 5 ppm
Lead (Pb)	4.11 ppm	Max. 30 ppm
Mercury (Hg)	0.009 ppm	Max. 0.1 ppm
Nickel (Ni)	8.05 ppm	Max. 30 ppm
Inert matter (%)	-	Max. 1%
	Microorganism Paembacitlus Polymyxa 6×10 ⁸ cfu/gm Bacillus Suburbs 6×10 ⁸ cfu/gm	-

শর্তাবলি :

- (ক) জৈব সারের বস্তা/প্যাকেট/বোতলের গায়ে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের লেবেল লাগাতে হবে;
- (খ) লেবেলে কৃষি মন্ত্রণালয়ের ০২ ০৪ ২০০৮ তারিখের ক্রম/উপ ২/সার ১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন এবং ১৪ ০৩ ২০১২ তারিখের ১২.০২৬.০৪০.০০.০০০৪.২০১০ ৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপনের আলোকে জৈবসারের উল্লিখিত প্যারামিটারের মাত্রার পরিমাণসহ বিনির্দেশের সকল তথ্য/মাত্রার পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;

- (গ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখতে হবে, যথা:—
- (i) সারের নাম ব্র্যান্ড নাম যদি থাকে সেটিও উল্লেখ করতে হবে);
 - (ii) সারে বিদ্যমান আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং এর মাত্রা/শতকরা হার;
 - (iii) সারের নীট ওজন;
 - (iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুতকৃত সেই দেশের নাম;
 - (v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
 - (vi) উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ;
 - (vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP); এবং
 - (viii) ব্যবহারবিধি।
- (ঘ) খোলা অবস্থায় জৈব সার বাজারজাত করা যাবে না; মোড়কজাত করে বিক্রি করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব।